

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
দুর্নীতি ও স্বজনপ্রীতির  
অভিযোগ**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
আল-কোরআন ও ইসলামী শিক্ষা  
বিভাগের জটনক মেধাবী ছাত্রের  
খাতায় কারচুপির বিষয়টি তদন্তে  
জটিলতা দেখা দেওয়ায় উক্ত বিভাগের  
ফল প্রকাশে অনিশ্চয়তা দেখা  
দিয়েছে। ২১শে অক্টোবর উক্ত  
বিভাগের পরীক্ষা শেষ হয়।  
গত বৃহস্পতিবার আল-কোর-  
( ৪র্থ পৃ: স্র: )

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
( ৩য় পৃ: পর )**

আল-কোরআন বিভাগের মাস্টার্স ফলপ্রার্থী  
২৬ জন ছাত্র ভিসির নিকট  
প্রদত্ত স্মারকলিপিতে বিভাগের  
চেয়ারম্যান ও ধর্ম তত্ত্ব ও ইস-  
লামী শিক্ষা অনুষদের ডিনের  
বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি ও স্বজন  
প্রীতির অভিযোগ আনিয়া বলি-  
য়াছে, ইতিপূর্বে একটি বিশেষ  
ছাত্র সংগঠনের নেতার অস্বস্থতার  
কারণ দেখাইয়া চারদফা পরীক্ষা  
পিছানো এবং অবশেষে একজন  
মেধাবী ছাত্রের খাতায় কারচুপির  
অভিযোগে তাহার দুর্নীতি পরি-  
ষ্কার হইয়া গিয়াছে।

এদিকে ভিসির নির্দেশে অর্থ-  
নীতি বিভাগের চেয়ারম্যান ডঃ  
মুহাম্মদ মামুনকে আহ্বায়ক করিয়া  
গঠিত ৫ সদস্যের তদন্ত কমিটির  
প্রথম বৈঠকে উক্ত ছাত্রের  
(মুহাম্মদ ইউনুছের) একটি উত্তর-  
পত্রের মূলখাতা ও লুপ্তশীট  
পৃথকভাবে পাওয়া গিয়াছে বলিয়া  
জানানো হয়।

অপরদিকে উক্ত বিভাগের  
চেয়ারম্যান খাতায় কারচুপির  
বিষয়টি ধামা-চাপা দেওয়ার চেষ্টা  
চালাইতেছেন বলিয়া অভিযোগ  
পাওয়া গিয়াছে। ভিসি জানান,  
বিষয়টি তদন্তে জটিলতা দেখা  
দিয়েছে। এ ব্যাপারে বিভিন্নমুখী  
চাপও আসিতেছে।

উল্লেখ্য, গত ২০শে ডিসেম্বর  
তদন্ত কমিটির রিপোর্ট জমা দেও-  
য়ার কথা থাকিলেও তাহা দেওয়া  
হয় নাই। বিলম্বের কারণ জানিতে  
চাহিলে কমিটির আহ্বায়ক নীরস  
থাকেন।